বৃক্ষশোভিত নান্দনিক রুপের এক প্রতিচ্ছবি

মেহেরপুর সদর উপজেলার বারাদী ফার্ম। রাস্তার যতদূর চোখ যায়, দুধারে নারিকেল গাছের সারি আর সারি। এ যেন বৃক্ষশোভিত নান্দনিক রুপের এক প্রতিচ্ছবি।

ছায়াঘেরা উদ্যানের সড়কগুলোর দুধারে সারি সারি নারিকেল গাছের পাতার ফাঁকে ফাঁকে সূর্য রশ্মির আলোকছটা। একটু দুরে চোখ পড়তেই দেখা যায় সবুজ আর সবুজ। যেন চারদিকে সবুজময়।বিপুল সৌন্দর্যের রাণী এই নিসর্গের প্রাণোচ্ছলতায় মন ভরিয়ে উঠবে। বৈচিত্রের সমারোহে ভ্রমণেচ্ছুদের গহীন মন বৃক্ষে বসন্তের নব পল্লবের আলোড়ন তুলবে।

ছবি ও তথ্য জুলফিকার আলী কানন